তোমাদের মধ্যে যে জুমু‘আয় উপস্থিত হয় সে যেন গোসল করে।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন, “তোমাদের মধ্যে যে জুমু‘আয় উপস্থিত হয়
সে যেন গোসল করে”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জুমু‘আর সালাতের জন্য একত্র হওয়া একটি বড় উপস্থিতি এবং মুসলিমদের মিলন মেলাসমূহের অন্যতম মিলনমেলা। কারণ জুমু‘আর সালাত আদায় করার জন্য শহরের বিভিন্ন প্রান্ত থেকে তার বাসিন্দরা এসে একত্র হয়। এ ধরনের সম্মেলন যেখানে ইসলামের নিদর্শন সমুন্নত হয় এবং মুসলিমদের সৌন্দর্য প্রকাশ পায় তাতে একজন আগমনকারীর অবস্থা অবশ্যই সুন্দর, সু-গন্ধময় এবং পরিচ্ছন্ন হওয়া হওয়া উচিত। ইসলামের প্রথম যুগে সাহাবীগণ অভাব ও দরিদ্রতায় ভোগতেন, তারা পশমের পোশাক পরিধান করতেন, নিজেরা পরিশ্রম করতেন, ফলে তারা জুমু‘আয় ধুলাবালি, ঘাম নিয়ে উপস্থিত হতেন। আর তখন মসজিদ ছোট ছিল যার কারণে মসজিদে আসলে তাদের ঘাম আরও বৃদ্ধি পেত এবং দুর্গেন্ধের কারণে একে অপরকে কষ্ট দিত। এ কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু‘আতে আসার পূর্বে তাদের গোসল করার নির্দেশ দিতেন, যাতে তাদের দেহে ময়লা না থাকে এবং এমন দুর্গন্ধ না থাকে যা খুতবা ও যিকির শোনার জন্য আগত উপস্থিত ফিরিশতা এবং মুসল্লীদের কষ্ট দেয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5394